

ইউজিসিতে যোগদান করলেন জবি অধ্যাপক ড. জাকির

নিজস্ব প্রতিবেদক

১৯ জুন, ২০২৪ ১৮:৩৬

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মো. জাকির হোসেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে (ইউজিসি) পূর্ণকালীন সদস্য হিসেবে যোগদান করেছেন। বুধবার (১৯ জুন) ইউজিসি চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. মোহাম্মদ আলমগীরের নিকট তিনি যোগদানপত্র পেশ করেন।

যোগদানের পর ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন ও এক মিনিট নিরবতা পালন করেন তিনি।

জানা যায়, গত ১৩ জুন এক প্রজ্ঞাপনের মাধ্যমে অধ্যাপক ড. মো. জাকির হোসেনকে কমিশনের পূর্ণকালীন সদস্য হিসেবে চার বছরের জন্য নিয়োগ প্রদান করে শিক্ষা মন্ত্রণালয়।

কমিশনের সদস্য হিসেবে তিনি প্রচলিত বিধি অনুযায়ী বেতন ভাতাসহ অন্যান্য সুবিধাদি পাবেন।

অধ্যাপক ড. মো. জাকির হোসেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগ থেকে বিকম (অনার্স) ও এমকম ডিগ্রি সম্পন্ন করে সুইডেনের বিটিএইচ থেকে বিজনেস এডমিনিস্ট্রেশনে এমএসসি ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তার ২০টি গবেষণা প্রবন্ধ দেশ-বিদেশের খ্যাতনামা জার্নালে প্রকাশিত হয়েছে।

তার প্রকাশিত গ্রন্থের সংখ্যা ৪টি এবং সম্পাদিত গ্রন্থের সংখ্যা ৮টি। তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের জার্নাল অব বিজনেস স্টাডিসের প্রধান সম্পাদক হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

প্রায় ২৯ বছর শিক্ষকতা জীবনে অধ্যাপক ড. মো. জাকির হোসেন একাডেমিক দায়িত্বের পাশাপাশি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের চেয়ারপার্সন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন, সিডিকেট সদস্য, অর্থ কমিটির সদস্য, একাডেমিক কাউন্সিলের সদস্য, শিক্ষক সমিতির সভাপতি এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সিডিকেট সদস্য,

শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি জবির নীল দলেরও সভাপতি ছিলেন।